

## **ার্টি** সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪৪৫২

৩৩/ জিহাদ ও এর নীতিমালা (كتاب الجهاد والسير)

পরিচ্ছেদঃ ২৪. মুহাজিরগণ বিজয় সম্পদ দারা অভাবমুক্ত হওয়ায় আনসারদের দেয়া গাছপালা ও ফলের বাগানসমূহ তাদেরকে ফেরত প্রদান

## আরবী

حَدَّتَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَحَامِدُ بْنُ عُمَرَ الْبَكْرَاوِيُّ، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الأَعْلَى، الْقَيْسِيُّ كُلُّهُمْ عَنِ الْمُعْتَمِرِ، \_ وَاللَّفْظُ لِابْنِ أَبِي شَيْبَةَ \_ حَدَّثَنَا مُعْتَمِرُ بْنُ سُلَيْمَانَ التَّيْمِيُّ، عَنْ أَبِيهِ، عَنْ أَنسٍ، أَنَّ رَجُلاً، \_ وَقَالَ حَامِدٌ وَأَبْنُ عَبْدِ الأَعْلَى أَنَّ الرَّجُلَ، \_ كَانَ يَجْعَلُ لِلنَّبِيِّ صلى الله عليه وسلم النَّخَلاَتِ مِنْ أَرْضِهِ . حَتَّى فُتِحَتْ عَلَيْهِ قُرَيْظَةُ وَالنَّضِيرُ فَجَعَلَ بَعْدَ ذَلِكَ يَرُدُّ عَلَيْهِ مَا كَانَ أَعْظَاهُ . قَالَ أَنسٌ وَإِنَّ أَهْلِي أَمَرُونِي أَنْ آتِي النَّبِيَّ صلى الله عليه وسلم فَأَسْأَلَهُ مَا كَانَ أَهْلُهُ أَعْطَوْهُ أَوْ بَعْضَهُ وَكَانَ نَبِيُّ اللّهِ صلى الله عليه وسلم قَدْ أَعْظَانِيهِنَّ فَجَاءَتْ أُمُّ عَلَيْهِ مَا كَانَ أَهْلُهُ أَعْطَوْهُ أَوْ بَعْضَهُ وَكَانَ نَبِيُّ اللّهِ صلى الله عليه وسلم قَدْ أَعْظَانِيهِنَّ فَجَاءَتْ أُمُّ أَيْمَنَ فَأَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَا عُظُانِيهِنَّ فَجَاءَتْ أُمُّ أَيْمَنَ فَأَتَيْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم فَا عُظُوبُ فَوَالَتْ وَاللّهِ لاَ نُعْطِيكَاهُنَّ وَقَدْ أَعْطَانِيهِنَّ . فَقَالَ نَبِيُّ اللّهِ صلى الله عليه وسلم قَدْ أَعْظَانِيهِنَّ . فَقَالَ نَبِيُّ اللّهِ عَليه وسلم الله عليه وسلم " يَا أُمَّ أَيْمَنَ اتْرُكِيهِ وَلَكَ كَذَا وَكَذَا " . وَتَقُولُ كَلاَ وَالَّذِي لاَ إِلَهَ إِلاَّ صلى الله عليه وسلم " يَا أُمَّ أَيْمَنَ اتْرُكِيهِ وَلَكَ كَذَا وَكَذَا " . وَتَقُولُ كَلاَ وَالَّذِي لاَ إِلَهَ إِلاَ هُونَ فَرَيبًا مِنْ عَشْرَةٍ أَمْثَالِهِ .

## বাংলা

8৪৫২। আবূ বকর ইবনু আবূ শায়বা, হামিদ ইবনু উমর আল বাকরারী ও মুহাম্মাদ ইবনু আবদুল আ'লা কায়সী (রহঃ) ... আনাস (রাঃ) থেকে বর্ণিত যে, (যখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিদনায় আগমন করেন তখন) এক এক ব্যক্তি রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে নিজ নিজ ভূমির কিছু খেজুর দান করেছেন। যখন বনূ কুরায়যা এবং বনূ নাযীর গোত্রদ্বয়ের উপর তার বিজয় প্রতিষ্ঠিত হলে ঐসব গাছ, যা তারা তাকে প্রদান করেছিলেন তিনি তাদের প্রত্যর্পণ করতে লাগলেন। আনাস (রাঃ) বলেন, আমার পরিবারের লোকজন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে যা দিয়েছিলেন তা অথবা তার অংশ বিশেষ তাঁর নিকট হতে চেয়ে নিয়ে আসার জন্য নির্দেশ দিলেন। অথচ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মু আয়মানকে তা দিয়েছিলেন।

এ অবস্হায় আমি তাঁর কাছে এসে যখন তা চাইলাম, তখন তিনি তা আমাকে দিয়ে দিলেন। এ সময় উন্মু



আয়মান (রাঃ) সেখানে এলেন এবং আমার গলায় কাপড় দিয়ে জড়িয়ে ধরলেন ও বললেন, আল্লাহর কসম! আমি তোমাকে তা দেবো না। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে উম্মু আয়মন! আপনি তাকে ছেড়ে দিন। আমি আপনাকে এই এই সম্পদ প্রদান করছি। তখন তিনি বললেন, কখনো না। সেই আল্লাহর শপথ! যিনি ব্যতীত আর কোন উপাস্য নেই। তখনও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলছিলেন, আপনাকে এই এই সম্পদ প্রদান করছি (আপনি তাকে ছেড়ে দিন)। পরিশেষে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উম্মু আয়মনকে ঐ সম্পদের দশশুন কিংবা দশগুণের কাছাকাছি প্রদান করেন।

## **English**

It has been narrated by Anas that (after his migration to Medina) a person placed at the Prophet's (ﷺ) disposal some date-palms growing on his land until the lands of Quraiza and Nadir were conquered. Then he began to return to him whatever he had received. (In this connection) my people told me to approach the Messenger of Allah (¾) and ask from him what his people had given him or a portion thereof, but the Messenger of Allah (¾) had bestowed those trees upon Umm Aiman. So I came to the Prophet (¾) and he gave hem (back) to me. Umm Aiman (also) came (at this time). She put the cloth round my neck and said:

No, by Allah, we will not give to, you what he has granted to me. The Prophet (ﷺ) said: Umm Aiman, let him have them and for you are such and such trees instead. But she said: By Allah, there is no god besides Him. No, never! The Prophet (ﷺ) continued saying: (You will get) such and such. until he had granted her ten times or nearly ten times more (than the original gift).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন